# AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 24-06-2026** **Time: 1.30 PM**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) রাষ্ট্রসঙ্ঘে কাশ্মীর ইস্যু উত্থাপন করায় ভারত, পাকিস্তানের সমালোচনা করেছে।

২) বিদেশমন্ত্রী ড এস জয়শঙ্কর পাসপোর্ট সেবা দিবসে বলেছেন, রেকর্ড সংখ্যক পাসপোর্ট ইস্যু করার ফলে ভ্রমণের সংখ্যা বৃদ্ধি পেয়েছে।

৩) নিরাপত্তা পরিস্থিতির উন্নতি হওয়ায় তেহেরানে ভারতীয় দূতাবাস, ইরাণে বসবাসরত ভারতীয় নাগরিকদের জন্য সংশোধিত নির্দেশিকা জারী করেছে।

৪) মার্কিন বিদেশ সচিব মার্কো রুবিও, উপসাগরীয় দেশগুলিতে তিন দিনের সফর শুরু করেছেন।

৫) গোয়া ও কোঙ্কন উপকূলে আজ ভারী থেকে অতি ভারী বৃষ্টির লাল সতর্কতা জারী করেছে ভারতীয় আবহাওয়া দপ্তর।

৬) বিশ্বকাপ ফুটবলে আজ রাত থেকে শুরু হচ্ছে গ্রুপ স্তরের চূড়ান্ত পর্বের খেলা।

---------------------------------------------------------------------------------------------------

রাষ্ট্রসঙ্ঘের মঞ্চে কাশ্মীর ইস্যু উত্থাপন করায় ভারত, পাকিস্তানের সমালোচনা করেছে। যুগ্ম সভাপতির পদে থেকে নিরপেক্ষ ভূমিকা পালন না করে সেই পদের অপব্যবহার করা হচ্ছে এবং ইসলামাবাদ এই মঞ্চকে রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহার করছে বলে ভারতের অভিযোগ। নিউ ইয়র্কে রাষ্ট্রসঙ্ঘের ভারতের স্থায়ী প্রতিনিধি পি

হরিশ, পাকিস্তানের স্থায়ী প্রতিনিধি আসিম ইফতিকার আহমেদের এক মন্তব্যের জবাবে একথা বলেন। জম্মু কাশ্মীর প্রসঙ্গে ভারতের দীর্ঘস্থায়ী অবস্থানের কথাও উল্লেখ করেছেন তিনি। পি হরিশ বলেন, কেন্দ্র শাসিত জম্মু কাশ্মীর একান্তভাবেই ভারতের অভ্যন্তরীন বিষয়।

--------------

ভারত, পাকিস্তান অধিকৃত কাশ্মীরে উদ্ভূত পরিস্থিতি নিয়ে পাকিস্তানের প্রতিরক্ষামন্ত্রী খাজা আসিফের মন্তব্যের কড়া সমালোচনা করেছে। পাকিস্তান মানবাধিকার লঙ্ঘন থেকে দৃষ্টি সরাতে ও নিজেদের ব্যর্থতা আড়াল করতেই এই ধরণের মন্তব্য করছে বলে মনে করছে সরকার। বিদেশ মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল সাংবাদিকদের বলেন, পাকিস্তান অধিকৃত কাশ্মীরে ধারাবাহিক বিক্ষোভ পাকিস্তানের দীর্ঘদিনের অর্থনৈতিক শোষণ, মৌলিক অধিকারের বঞ্চনা এবং প্রশাসনিক নিপীড়ন , জরুরি সরবরাহ ও ওষুধ বন্ধ, ইন্টারনেট ব্ল্যাকআউটের প্রত্যক্ষ ফল ।

বাইট

সাংবাদিক বৈঠকে জয়সওয়াল বাংলাদেশে মূর্তি ও প্রতিমা ভাঙচুরের ঘটনায় প্রতিবাদ প্রসঙ্গে জানান, ভারত আশা করে বাংলাদেশ সরকার সেখাণকার চরমপন্থীদের দমন করবে এবং সংখ্যালঘু সম্প্রদায়ের নিরাপত্তা নিশ্চিত করবে।

উপসাগরীয় অঞ্চলে বর্তমান পরিস্থিতির পরিপ্রেক্ষিতে শ্রী জয়সওয়াল জানান, দশটি ভারতীয় পতাকাবাহী জাহাজ এখনও পারস্য উপসাগর অঞ্চলে অবস্থান করছে। গত ১৭ই জুন মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরের পর থেকে মোট এগারোটি ভারতগামী জাহাজ হরমুজ প্রণালী অতিক্রম করেছে। এর মধ্যে একেকটি ট্যাঙ্কারে দুই লক্ষ পঁচাশি হাজার মেট্রিক টন অপরিশোধিত তেল বহনকারী তিনটি ভারতীয় পতাকাবাহী ট্যাঙ্কার রয়েছে ।

--------------

আজ পাসপোর্ট সেবা দিবস।১৯৬৭ সালের ২৪ শে জুন পাসপোর্ট আইনের সূচনাকে স্মরণ করে দিনটি পালিত হয়। এই উপলক্ষ্যে,

বিদেশমন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর আজ নতুন পাসপোর্ট সেবা কেন্দ্র এবং পোস্ট অফিস পাসপোর্ট সেবা কেন্দ্রের উদ্বোধন করেছেন। একই সঙ্গে পাসপোর্ট সেবা কর্মসূচির দ্বিতীয় পর্যায়ের অধীনে চীপ সক্রিয় ই- পাসপোর্টেরও সূচনা করেন। তিনি বলেন, রেকর্ড সংখ্যক পাসপোর্ট ইস্যু করার ফলে ভ্রমণের সংখ্যা বৃদ্ধি পেয়েছে,আন্তর্জাতিক ভ্রমণের সুযোগ অনেকাংশেই বেড়েছে একইসঙ্গে নাগরিক ক্ষমতায়নের কথাও উল্লেখ করেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে শ্রী জয়শঙ্কর ১৪ তম পাসপোর্ট সেবা দিবসে দেশের সব পাসপোর্ট কতৃপক্ষকে অভিনন্দন জানিয়েছেন। উপভোক্তাদের কাছে পাসপোর্ট দ্রুত পৌঁছে দিতে,সরকারের অঙ্গীকারের কথা তুলে ধরে তিনি বলেন, "সুরক্ষিত পাসপোর্ট, সুগম সেবা,সশক্ত নাগরিক" ভাবনাকে সামনে রেখে সহজে ও স্বচ্ছতার সঙ্গে এই পরিষেবা দিতে সরকার বদ্ধপরিকর।

--------------

ব্রিকস গোষ্ঠীভুক্ত দেশগুলোর জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ও নিরাপত্তা আধিকারিকরা বৈঠকে সন্ত্রাসবাদ ও সাইবার হুমকি সহ একাধিক সমস্যার মোকাবিলায় সদস্য দেশগুলোর মধ্যে সম্পর্ক মজবুত করার ওপর জোর দিয়েছেন। গতকাল ভারতের সভাপতিত্বে নতুন দিল্লিতে গতকাল ষোড়শ ব্রিকস জাতীয় নিরাপত্তা উপদেষ্টাদের বৈঠকের নেতৃত্ব দেন অজিত ডোভাল। ভারতের বিদেশ মন্ত্রক জানায়, বৈঠকে জ্বালানি ও খাদ্য নিরাপত্তা থেকে শুরু করে জলবায়ু সংক্রান্ত অস্থিতিশীলতা ও সন্ত্রাসবাদী সংস্থাগুলোর প্রযুক্তির প্রয়োগ নিয়ে আলোচনা হয়।

বাইট

পাশাপাশি, বৈঠকের পর শ্রী ডোভাল বলেন, হরমুজ প্রণালী খুলে দেওয়ার ফলে সরবরাহ ব্যবস্থায় প্রতিবন্ধকতা দূর হবে এবং সার ও রাসায়নিকের মতো পণ্যের ঘাটতি মোকাবিলায় সহায়তা পাওয়া যাবে।

--------------

নীতি আয়োগের ভাইস-চেয়ারপারসন ড. অশোক কুমার লাহিড়ি জানিয়েছেন যে, গত ত্রৈমাসিকে ভারতের মোট বাণিজ্য ৫.৪ শতাংশ বৃদ্ধি পেয়েছে। নতুনদিল্লীতে 'ট্রেড ওয়াচ কোয়ার্টারলি' প্রতিবেদনের সর্বশেষ সংস্করণ প্রকাশের সময় তিনি এ তথ্য জানান। ড. লাহিড়ি আরও উল্লেখ করেন যে, গত ত্রৈমাসিকে ভারতের রপ্তানি ১হাজার ৮৪ লক্ষ কোটি ডলারে পৌঁছেছে এবং আমদানি বৃদ্ধি পেয়েছে ৬.৫ শতাংশ ।

--------------

মুন্দ্রা বিমানবন্দর দিয়ে তিন হাজার কেজি মাদক আমদানী মামলায় এনফোর্সমেন্ট ডিরেক্টরেট ইডি, দিল্লীর ৫ জায়গায় তল্লাশী চালাচ্ছে। ইডি আধিকারিকরা জানিয়েছেন, হরপ্রীত সিং তালওয়ার, শামসুদার্ন এবং তার সহযোগীদের সঙ্গে জড়িত বিভিন্ন স্থানে চলছে এই তল্লাশী। দিল্লীর নাইট ক্লাবগুলিতে মাদক আমদানীর এই টাকা কাজে লাগানো হয়েছে বলে অভিযোগ।

উল্লেখ্য, জাতীয় তদন্তকারী সংস্থা একই মামলায় হরপ্রীত সিং তালওয়ারকে এর আগে গ্রেপ্তার করেছিল। তবে বর্তমানে সে জামিনে ছাড়া পেয়েছে।

--------------

আবাস ও নগরোন্নয়ন বিষয়কমন্ত্রী মনোহর লাল আজ জাতীয় রাজধানীতে সেন্ট্রাল ভিসতা করিডোর এর জন্য সেন্ট্রাল সেক্রেটারিয়েট মেট্রো স্টেশনের নির্মাণ কাজের সূচনা করেছেন। সংবাদ মাধ্যমের সঙ্গে কথা বলতে গিয়ে মন্ত্রী বলেন, এটি একটিঐতিহাসিক

পদক্ষেপ, সরকারী কর্মচারীদের যাতায়াতের সুবিধার্তে এই মেট্রো স্টেশনের প্রয়োজন ছিল।এই প্রকল্পে আর কে আশ্রম মার্গ থেকে ইন্দ্রপ্রস্ত পর্যন্ত ট্রেন চলবে।

--------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ রানি দুর্গাবতী'র প্রয়াণ দিবসে শ্রদ্ধা জ্ঞাপন করেছেন।সমাজ মাধ্যমের এক বার্তায় শ্রী শাহ,রানি দুর্গাবতীকে মহিলা শক্তির প্রতীক এবং নির্ভীক রানি বলে উল্লেখ করে বলেছেন,আক্রমণকারী মুঘল'দের বিরুদ্ধে দেশের সার্বভৌমত্ব এবং সাংস্কৃতিক ঐতিহ্য রক্ষায় তিনি বীরত্ব পূর্ণ ভূমিকা পালন করেন। স্বরাষ্ট্রমন্ত্রী তাঁর বার্তায় রানি দুর্গাবতীকে সেবা ও সুশাসনের চিরন্তন অনুপ্রেরণা বলে উল্লেখ করেন।

--------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, *রবিবার ২৮ শে জুন*, আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩৫**-তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল **১১** টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

*'মন কি বাত'- এর জন্য এবারও সাধারণ মানুষের পরামর্শ, বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বার্তা পাঠানো যাবে, MyGov Open Forum, Narendra Modi App, কিংবা 1800-11-7800 টোল ফ্রি নম্বর-এ ।*

--------------

রাজ্যের নতুন সরকারের প্রথম বাজেট নিয়ে শুনবেন বিশেষ আলোচনা। বাজেটের প্রাপ্তি এবং প্রত্যাশা নিয়ে রাজ্যের অর্থ দপ্তরের অডিট অ্যান্ড অ্যাকাউন্টস বিভাগের প্রাক্তন আধিকারিক প্রদীপ কুমার মোহান্তি এবং বণিকসভা মার্চেন্ট চেম্বার অফ কমার্সের আর্থিক বিষয়ক চেয়ারম্যান স্মরজিৎ মিত্রর সঙ্গে কথা বলেছেন অভিরূপ ভট্টাচার্য।

অনুষ্ঠানটি শুনবেন আজ রাত আটটা থেকে গীতাঞ্জলি, ডিটিএইচ এবং আকাশবাণী সংবাদ বিভাগের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

--------------

নিরাপত্তা পরিস্থিতির উন্নতি হওয়ায় তেহেরানে ভারতীয় দূতাবাস, ইরাণে বসবাসরত ভারতীয় নাগরিকদের জন্য সংশোধিত নির্দেশিকা জারী করেছে। সাম্প্রতিক ইতিবাচক পরিস্থিতি এবং নিরাপত্তা ক্ষেত্রে সার্বিক উন্নতি হওয়ায় দূতাবাস ভারতীয় নাগরিকদের ইরাণ ভ্রমনের বিষয়টিও বিবেচনা করতে বলেছে। যদিও পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বিনা প্রয়োজনে ইরাণ ভ্রমন এড়িয়ে চলার পরামর্শই দেওয়া হয়েছে। ইরাণে এই মুহুর্তে যেসব ভারতীয়রা বসবাস করছেন বা খুব প্রয়োজনে যারা ইরাণ যেতে চাইছেন তাদের সর্বোচ্চ সাবধানতা ও সতর্কতা বজায় রাখার পাশাপাশি পরিস্থিতি সম্পর্কে সচেতন থাকার জন্য বলেছে দূতাবাস। স্থানীয় প্রশাসনের সঙ্গে যোগাযোগ রেখে চলতেও বলা হয়েছে তাদের। যত দ্রুত সম্ভব দূতাবাসে তাদের নাম নথিভুক্ত করতে বলা হয়েছে। যে কোনোরকম নির্দেশকার জন্য দূতাবাসের অফিসিয়াল ওয়েবসাইটে নজর রাখার পরামর্শ দেওয়া হয়েছে। সব ধরণের সাহায্যের জন্য চালু করা হয়েছে হেল্পলাইন নম্বর।

--------------

মার্কিন বিদেশ সচিব মার্কো রুবিও, উপসাগরীয় দেশগুলিতে তিন দিনের সফর শুরু করেছেন। ইরানের সঙ্গে চার মাস ব্যাপী মার্কিন ও ইজরায়েলি সংঘাতের অবসান ঘটিয়ে সদ্য হওয়া শান্তি চুক্তির পর আরব সহযোগী দেশগুলির কাছে নিজেদের অবস্থান

প্রমাণ করতে ওয়াশিংটনের এই সিদ্ধান্ত। রুবিও গতরাতে আবু ধাবিতে পৌঁছন। চলতি সপ্তাহের শেষের দিকে উপসাগরীয় সহযোগিতা পর্ষদের আনুষ্ঠানিক বৈঠকের আগে সংযুক্ত আরব আমির শাহি, কুয়েত এবং বাহারিনের সঙ্গে তিনি কথা বলবেন। সফরকালে মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে স্বাক্ষরিত হওয়া শান্তি চুক্তির পাশাপাশি সম্ভাব্য চূড়ান্ত সমঝোতা পত্রের রূপরেখা নিয়েও আঞ্চলিক সহযোগী দেশগুলির সঙ্গে তাঁর কথা হতে পারে। সফর শুরুর আগে রুবিও জানান, পরবর্তী চুক্তি স্বাক্ষরিত না হওয়া পর্যন্ত হরমুজ প্রণালী দিয়ে যাতায়াত করা কোনোরকম জলযানের ওপর ইরান শুল্ক আরোপ করতে পারবে না। এধরনের কোনোরকম পদক্ষেপকে তিনি আন্তর্জাতিক আইনের পরিপন্থী বলেও উল্লেখ করেছেন।

--------------

ভারতীয় আবহাওয়া দপ্তর আজ গোয়া ও কোঙ্কন উপকূলে ভারী থেকে অতি ভারী বৃষ্টির লাল সতর্কতা জারী করেছে। কর্ণাটক উপকূল এবং মধ্য মহারাষ্ট্রে আগামী দু দিন একই রকম পরিস্থিতি বজায় থাকবে। চলতি মাসের ২৯ তারিখ পর্যন্ত আসাম, মেঘালয়, কর্ণাটকের অভ্যন্তর ভাগ, ওড়িশা, তেলেঙ্গানা এবং সিকিমে ভারী বৃষ্টি হতে পারে।

আবহাওয়া দপ্তর, দিল্লী, হরিয়ানা, চন্ডীগড়, পাঞ্জাব, হিমাচল প্রদেশ, উত্তরাখন্ড, জম্মু কাশ্মীর এবং লাদাখে শনিবার পর্যন্ত বজ্রবিদ্যুত সহ ঝড়বৃষ্টি এবং ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভবনা রয়েছে।

এদিকে, সক্রিয় দক্ষিণ পশ্চিম মৌসুমি বায়ু নিম্নচাপ অক্ষরেখা এবং বাতাসে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প থাকায় পশ্চিমবঙ্গের প্রায় সব জেলাতেই আগামী কয়েক দিন বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আলিপুরে ২৪ ঘন্টায় ৫৯ মিলিমিটারেরও বেশি বৃষ্টি

রেকর্ড করা হয়েছে। উত্তরবঙ্গে ক্রমাগত বৃষ্টিতে বেড়েছে নদীর জলস্তর। গত ২৪ ঘন্টায় আলিপুরদুয়ারের ফালাকাটায় ১৭০ এবং কোচবিহারে প্রায় ১১৪ মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে। আজ জলপাইগুড়ি কোচবিহার ও আলিপুরদুয়ার জেলায় রয়েছে ভারী বৃষ্টির সতর্কতা।

অন্যদিকে বিহার, পূর্ব মধ্যপ্রদেশ, পূর্ব উত্তরপ্রদেশ এবং বিদর্ভে আগামী দু তিনদিন তাপপ্রবাহের পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

--------------

আজ রাত থেকে শুরু হচ্ছে বিশ্বকাপ ফুটবলের গ্রুপ স্তরের চূড়ান্ত পর্বের খেলা। এই পর্যায়ে সব দলগুলিই নিজেদের গ্রুপের তৃতীয় ম্যাচগুলি খেলবে। আজ ভারতীয় সময় রাত সাড়ে ১২ টায়, গ্রুপ বি-র ম্যাচে, ভ্যাঙ্কুভার স্টেডিয়ামে, সুইজারল্যান্ড, কানাডা ও সিয়াটেল স্টেডিয়ামে, বসনিয়া হার্জেগোভিনা, কাতারের বিরুদ্ধে খেলবে। অন্যদিকে, ভারতীয় সময় রাত সাড়ে ৩ টেয়, মিয়ামি স্টেডিয়ামে, স্কটল্যান্ডের বিরুদ্ধে গ্রুপ পর্বের শেষ ম্যাচ খেলবে ব্রাজিল। একই সময়ে, আটলান্টা স্টেডিয়ামে, মুখোমুখি হবে মরক্কো, হাইতি।

-------------- --------------